

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৭ কার্তিক ১৪২৬/২৩ অক্টোবর ২০১৯

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৯.৩১৬—তরুণদের দক্ষতা উন্নয়নে বাংলাদেশের অসামান্য সাফল্যের স্বীকৃতিপ্রযুক্তি জাতিসংঘ শিশু তহবিল—ইউনিসেফ কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মর্যাদাপূর্ণ ‘চ্যাম্পিয়ন অব কিল ডেভেলপমেন্ট ফর ইয়ুথ আওয়ার্ড’-এ ভূষিত করা হয়। গত ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ ইউনিসেফ ভবনে আড়ম্বরপূর্ণ এক অনুষ্ঠানে সংস্থাটির নির্বাহী পরিচালক মিজ হেনরিয়েটা ফোর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে সম্মানজনক এই পুরস্কার তুলে দেন।

২। মর্যাদাপূর্ণ এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৯ আগস্ট ১৪২৬/ ১৪ অক্টোবর ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ২০১৯ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

**ঢাকা : ২৯ আগস্ট ১৪২৬  
১৪ অক্টোবর ২০১৯**

তরুণদের দক্ষতা উন্নয়নে বাংলাদেশের অসামান্য সাফল্যের স্বীকৃতিপ্রযুক্তি জাতিসংঘ শিশু তহবিল—ইউনিসেফ কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মর্যাদাপূর্ণ ‘চ্যাম্পিয়ন অব স্কিল ডেভেলপমেন্ট ফর ইয়ুথ অ্যাওয়ার্ড’-এ ভূষিত করা হয়। গত ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ ইউনিসেফ ভবনে আড়ম্বরপূর্ণ এক অনুষ্ঠানে সংস্থাটির নির্বাহী পরিচালক মিজ হেনরিয়েটা ফোর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে সম্মানজনক এই পুরস্কার তুলে দেন।

সামাজিক পুঁজি গঠনে যুবশক্তির ভূমিকা অত্যন্ত কার্যকর। জাতীয় উন্নয়ন ও অগ্রগতি অর্জনের অন্যতম হাতিয়ার হচ্ছে দক্ষ যুবশক্তি। এই মূলমন্ত্রকে উপজীব্য করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার দায়িত্ব গ্রহণের পর থেকে তরুণদের সামগ্রিক সক্ষমতা ও দক্ষতা উন্নয়ন নিশ্চিতকরণে যুগোপযোগী ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করে আসছে। মাননীয় প্রধানমন্ত্রীর রাষ্ট্রনায়কোচিত দিক্র-নির্দেশনায় যুবদের যথাযথ জ্ঞান ও দক্ষতাসম্পর্ক করার জন্য সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে প্রগতি হয়েছে বিভিন্ন যুগোপযোগী আইন/নীতি/বিধি ও কর্মপরিকল্পনা এবং গৃহীত হয়েছে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মতো ফলপ্রসূ উদ্যোগ। যুবসমাজের কল্যাণ নিশ্চিতকরে সারাদেশে বেকার যুবদের উদ্বৃক্করণ, প্রশিক্ষণদান, প্রশিক্ষণেন্টের আত্মকর্মসংস্থান প্রকল্পসহ বিভিন্ন কর্মসূচি গৃহীত হয়েছে। ফলে, মানবসম্পদ উন্নয়নসহ সামাজিক প্রাপ্তিসরতার ক্ষেত্রে বাংলাদেশ অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। বিশ্বের দরবারে আবির্ভূত হয়েছে উন্নয়নের রোল-মডেল হিসাবে অন্য সাধারণ মর্যাদায়।

মন্ত্রিসভা মনে করে যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কার্যকর ও প্রায়োগিক কর্মান্বয়ে এবং উৎসাহ-উদ্দীপনায় দেশের যুবসমাজ দক্ষতার সঙ্গে নিজেদের জীবন ও জীবনমানের পরিবর্তন সাধনে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। স্থানীয় ও বিশ্ববাজারের চাহিদা অনুযায়ী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ গ্রহণের কারণে দেশের তরুণরা আজ বিশ্বে সুনাম ও দক্ষতার সঙ্গে নিজেদের সুপ্রতিষ্ঠিত করে চলেছে। শিক্ষা, ক্রীড়া, প্রযুক্তি, কম্পিউটার বিজ্ঞানসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের যুবসমাজের কর্মদক্ষতা, সামর্থ্য ও সাফল্য আন্তর্জাতিক পরিম্বলে আজ ব্যাপকভাবে প্রশংসিত ও অভিনন্দিত হচ্ছে।

মন্ত্রিসভা মনে করে যে, যুবসমাজের সার্বিক উন্নয়ন ও অগ্রগতির জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সর্ব-পরিব্যাপ্ত প্রয়াস ও অর্জন দেশ ও আন্তর্জাতিক পরিসরে অনুসরণীয় দৃষ্টান্ত হিসাবে সমাদৃত হচ্ছে। আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও মানবিক উন্নয়নের ক্ষেত্রে একাদিক্রমে এ ধরনের বিরল সম্মান অর্জন আন্তর্জাতিক পরিম্বলে বাংলাদেশের অবস্থানকে দৃঢ় থেকে দৃঢ়তর করেছে। এরই ধারাবাহিকতায় ইউনিসেফ কর্তৃক ‘চ্যাম্পিয়ন অব ইয়ুথ অ্যাওয়ার্ড’-এ ভূষিত হওয়ার স্বীকৃতি বাংলাদেশে একটি দায়িত্বশীল ও জানভিত্তিক সমাজ ও অর্থনীতি বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের সাফল্যমণ্ডিত পদক্ষেপসমূহের সার্থকতার পরিচায়ক। মর্যাদাপূর্ণ এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)